

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৯৪

আগরতলা, ১৩ আগস্ট, ২০২৪

হর ঘর তিরঙ্গা অভিযান

স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শুদ্ধা ও সম্মান জানাতে  
হর ঘর তিরঙ্গা অভিযান পালন করা হচ্ছে : মুখ্যমন্ত্রী



স্বাধীনতা সংগ্রামী ও দেশের সার্বভৌমত্ব রক্ষায় যাঁরা আত্মবলিদান দিয়েছেন তাঁদের প্রতি শুদ্ধা ও সম্মান জানাতে রাজ্য হর ঘর তিরঙ্গা অভিযান কর্মসূচি পালন করা হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০২২ সালে এই কর্মসূচির ঘোষণা করেছিলেন। আজ উমাকান্ত একাডেমি ইংরেজি মাধ্যম বিদ্যালয় প্রাঙ্গণে তিরঙ্গা র্যালির উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ড.) মানিক সাহা একথা বলেন। উল্লেখ্য, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এই র্যালির আয়োজন করা হয়। মুখ্যমন্ত্রী পতাকা নেড়ে এই র্যালির উদ্বোধন করেন। র্যালিতে মুখ্যমন্ত্রী প্রফেসর (ড.) মানিক সাহা ছাড়াও আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণা দেববর্মা, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা তপন কুমার দাস, ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যোত্ত নাথ প্রমুখ অংশ নেন। তিরঙ্গা র্যালিতে অংশগ্রহণকারী বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, আরক্ষা কর্মী সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক ও কর্মীদের দেশ মাতৃকা রক্ষায় শপথ বাক্য পাঠ করান ক্রীড়া দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী। র্যালিটি উমাকান্ত একাডেমি প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন স্থান পরিক্রমা করেন।

তিরঙ্গা র্যালির উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহ্বানে সাড়া দিয়ে সারা দেশের সাথে রাজ্যেও গত দুই বছর সফলভাবে ‘হর ঘর তিরঙ্গা’ অভিযান কর্মসূচি পালন করা হয়েছে। রাজ্যবাসীর মধ্যে দেশাত্মকার্যের ভাবনাকে জাগিয়ে তোলার লক্ষ্যে এবছরও বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ‘হর ঘর তিরঙ্গা’ কর্মসূচি পালন করা হচ্ছে।

\*\*\*২\*\*\*

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী যখনই কোন কিছুর আহ্বান জানান তা দেশবাসী উৎসাহের সঙ্গে পালন করে থাকেন। প্রধানমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়েই রাজ্য ‘৭৫ সীমান্ত গ্রাম ক্রান্তি বীরো কে নাম’ ও ‘মেরা মাটি মেরা দেশ’ কর্মসূচি সফলভাবে আয়োজন করা হয়েছে। এইসব দেশাবোধক ভাবনা প্রধানমন্ত্রীর পক্ষেই সম্ভব বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী হর ঘর তিরঙ্গা অভিযান কর্মসূচি পালনের মধ্যদিয়ে রাজ্যকে সার্বিক উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার শপথ নেওয়ার জন্য রাজ্যবাসীর প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়া দণ্ডের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী বলেন, দেশ রক্ষায় যারা আত্মবলিদান দিয়েছেন তাদের প্রতি সম্মান প্রদর্শনের উদ্দেশ্যে এবছর রাজ্য ৯-১৫ আগস্ট ‘হর ঘর তিরঙ্গা’ অভিযানে বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এরমধ্যে রয়েছে তিরঙ্গা যাত্রা, তিরঙ্গা রানস এন্ড ম্যারাথনস, তিরঙ্গা কনসার্ট, তিরঙ্গা ক্যানভাস, তিরঙ্গা প্লেজ, তিরঙ্গা ট্রিবিউট, তিরঙ্গা মেলা ও তিরঙ্গা সেলফি। রাজ্যের প্রতিটি জেলাতেই জেলা প্রশাসনের উদ্যোগে এই কর্মসূচিগুলি পালন করা হচ্ছে।

\*\*\*\*\*